শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,মাগুরা
(স্থানীয় সরকার শাখা)
www.magura.gov.bd

স্মারক নং ৪৬.৪৪.৫৫০০.০১০.১০.০১০.১৬-৪৭৯

তারিখ : ২৭ .১০.২০১৯ খ্রি.।

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা এর ইউপি-১ অধিশাখার ০৭.০৭.২০১৯ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০৪.০০১.১৭-২৩৪ নং ও ০৮.০৮.২০১৯ খ্রি. তারিখের ৪৬.০০.০০০.০১৮.০৪.০০১.১৭-২৩৫ নং স্মারকের আলোকে মাগুরা জেলাধীন ইউনিয়ন পরিষদসমূহে ''হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর'' এর শুন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য কেবলমাত্র মাগুরা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল | শুন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ২. | হিসাব সহকারী - কাম-কম্পিউটার অপারেটর | ৯৩০০-২২৪৯০/-(গ্রেড-১৬) (জাতীয় বেতন স্কেল/২০১৫) সহ সরকার প্রদত্ত অন্যান্য ভাতাদি সরকার কর্তৃক ৭৫% ও ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% পরিশোধ যোগ্য | ২৬(ছাব্বিশ) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্যিক বিভাগে অন্যূন ২য় বিভাগে অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং<br>(গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০(বিশ) শব্দ ও ইংরেজি ২০(বিশ) শব্দ। |

আবেদনের শর্তাবলি :

১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং মাগুরা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯ ডিসেম্বর ২০১৪ খ্রি. তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪.০১ নং স্মারকে জারীকৃত "চাকুরীর নির্ধারিত আবেদন ফরম" এ আগ্রহী প্রার্থীদেরকে জেলা প্রশাসক, মাগুরা বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রের নমুনা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mopa.gov.bd অথবা মাগুরা জেলা ওয়েব পোর্টাল www.magura.gov.bd হতে ডাউন লোড করা যাবে। এ ছাড়াও জেলা প্রশাসক, মাগুরা এর স্থানীয় সরকার শাখা হতেও আবেদন ফরম সংগ্রহ করা যাবে। এছাড়া মাগুরা জেলার প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে আবেদন ফরম ডাউনলোড করা যাবে। আবেদনপত্র আগামী ২০.১১.২০১৯ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন ডাকযোগে এ কার্যালয়ে পৌঁছাতে হবে। সরাসরি/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরিত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৩.জেলা প্রশাসক,মাগুরাকে সম্মোধন করে আবেদন করতে হবে। আবেদন দাখিলের সর্বশেষ তারিখ আগামী ২০.১১.২০১৯ খ্রি।

৪. খামের উপরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

৫. নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

৬. আগামী ২০.১১.২০১৯ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে সরকারি বিধি মোতাবেক শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/ মুক্তিযোদ্ধার সন্তান/ মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান পোষ্য ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেফিট গ্রহণযোগ্য নয়। বয়স প্রমানের জন্য এসএসসি/সমমানের সনদপত্রের ১ম শ্রেণির ( ৯ম গ্রেডের) গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৭. প্রার্থী কোন কোটার ভিত্তিতে চাকুরী পেতে চাইলে আবেদনপত্রে তা উল্লেখ করতে হবে। কোটার বিষয়টি যথাযথভাবে যাচাই করা হবে।

৮. (ক) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৪(চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে। ০১(এক) কপি ছবি আবেদপত্রের উপরে ডান পার্শ্বে আঠা দিয়ে লাগিয়ে দিতে হবে। অন্য ০৩(তিন) কপি ছবি আবেদপত্রের সাথে স্ট্যাপলার পিন দিয়ে সংযুক্ত করতে হবে।

(খ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

(গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি।

০৯. যারা লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হবেন তাদেরকে মৌখিক পরীক্ষায় সংশ্লিষ্ট সকল কাগজপত্রের মূল কপি দেখাতে হবে।

১০. সত্যায়নকারী কর্মকর্তার নাম ও সুস্পষ্ট পদবীসহ সীল থাকতে হবে।

১১. জেলা প্রশাসক, মাগুরার অনুকূলে তফসিলভূক্ত (সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী) ব্যাংক হতে হিসাব সহকারী-কাম-কম্পিউটার

১২. অসম্পূর্ণ, ত্রুটিযুক্ত ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।
১৩. ডাকযোগে নির্ভূল ঠিকানায় পরীক্ষার প্রবেশপত্র প্রেরণের জন্য নিজের নাম ঠিকানা সম্বলিত ১০/- টাকার ডাক টিকিটযুক্ত ১০.৫'' X ৪.৫'' ইঞ্চি মাপের একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
১৪. মেধার ভিত্তিতে প্যানেল প্রস্তুত করা হবে এবং পদ শুন্য হওয়া সাপেক্ষে উক্ত প্যানেল হতে মেধার ক্রমানুসারে নিয়োগ দেয়া হবে। স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময় পর্যন্ত প্যানেল বলবৎ থাকবে।
১৫. নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারীকৃত কোটা সম্পর্কিত নির্দেশনাবলী অনুসরণ করা হবে। এ ক্ষেত্রে প্রার্থী কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমান পত্রের সত্যায়িত কপি দাখিল করতে না পারলে তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে। খামের উপর পদের নাম ও কোটা অবশ্যই উল্লেখ করতে হবে।
১৬. ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী-কাম- কম্পিউটার অপারেটর পদে আবেদনকারীকে কম্পিউটার ( এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট, অনলাইন ও ই-মেইলসহ বিভিন্ন প্রোগ্রাম) পরিচালনায় পারদর্শী হতে হবে এবং এতদসংক্রান্ত অভিজ্ঞতা/প্রশিক্ষণের সনদপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
১৭.চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এ ক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রীম কপি গ্রহণযোগ্য হবে না।
১৮. নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৯. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের কম্পিউটার বিষয়ক ব্যবহারিক পরীক্ষা নেয়া হবে এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা নেয়া হবে।
২০. সকল প্রকার মূল সনদপত্র মৌখিক পরীক্ষার সময় আবশ্যিকভাবে উপস্থাপন করতে হবে। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে মূল সনদপত্র/ সাময়িক সনদপত্র ব্যাতিত অন্য কোন সনদপত্র গ্রহণযোগ্য হবে না।
২১. দরখাস্ত বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ ক্ষেত্রে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
২২. কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
২৩. নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যে কোন শর্ত পরিবর্তন, সংশোধন, সংযোজন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
২৪. কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত/সময় পরিবর্তন/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
২৫. রীট পিটিশন নং- ১১৪৭৬/২০১৭ হতে উদ্ভূত লীভ টু আপিল মামলা নং-৪৫২/২০১৮ এর গত ০৫.০২.২০১৮ তারিখের বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপিল বিভাগের আদেশ প্রতিপালন করা হবে।
২৬. এ কার্যালয়ের স্মারক নং- ৪৬.৪৪.৮৭০০.০০৭.১১.০০১.১৭-৮৭, তারিখ : ৩০.০১.২০১৭ খ্রি. মূলে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী-কাম-কম্পিটার অপারেটর পদে যারা আবেদন করেছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।
২৭. জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখা এর ৩০.০৬.২০১৯ তারিখে ০৫.০০.০০০০.১৭০.২২.০৬২.১৩-১৫২ নং স্মারকে প্রদত্ত নির্দেশনা মোতাবেক বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে কোন বিশেষ কোটার ( মুক্তিযোদ্ধা/মহিলা/ক্ষুদ্র গোষ্ঠী, এতিম ও শারীরিক প্রতিবন্ধী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য) কোন পদ যোগ্য প্রার্থীর অভাবে পুরণ করা সম্ভব না হলে অপূর্ণ পদসমূহ সাধারণ প্রার্থীদের মধ্য হতে মেধা তালিকার ক্রমানুসারে নিয়োগ দেয়া হবে।
২৮. পদ শূণ্য থাকা সাপেক্ষে কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা কম বা বেশি করতে পারবেন।
২৯. মাগুরা জেলার ওয়েব পোর্টালে www.magura.gov.bd লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ, স্থান ও সময় জানিয়ে দেয়া হবে।

১৭/১০/২০১৯

মোঃ আলী আকবর
জেলা প্রশাসক, মাগুরা
ফোন : ০৪৮৮-৬২৩০২
e-mail: dcmagura@mopa.gov.bd

স্মারক নং ৪৬.৪৪.৫৫০০.০১০.১০.০১০.১৬-৪৭৯ (১০০) তারিখ : ২৭ .১০.২০১৯ খ্রি.।

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রির কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। বিভাগীয় কমিশনার,খুলনা বিভাগ,খুলনা ।
৭। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৮। জেলা প্রশাসক ..........................(সকল)।
৯। পুলিশ সুপার,মাগুরা।
১০। উপপরিচালক, স্থানীয় সরকার, মাগুরা।
১১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,মাগুরা।
১২। সিভিল সার্জন, মাগুরা।
১৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/( বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট), মাগুরা।
১৪। চেয়ারম্যান, ............................................................... উপজেলা পরিষদ(সকল)।
১৫। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মাগুরা।
১৬। উপজেলা নির্বাহী অফিসার...................... (সকল), মাগুরা। ( এ বিজ্ঞপ্তিটি তাঁর অফিসে নোটিশ বোর্ডে লটকিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৭। মেয়র, মাগুরা পৌরসভা।
১৮। সহকারী কমিশনার, শিক্ষা ও আইসিটি শাখা, মাগুরা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৯। জেলা তথ্য অফিসার,মাগুরা।
১৯। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়,মাগুরা। তাঁকে জেলা প্রশাসক,মাগুরার ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
২১। সম্পাদক, .................................................. পত্রিকা। তাঁকে বিজ্ঞপ্তিটি ৯ ইঞ্চি ৩ কলামে একদিনের জন্য ভিতরের পাতায় প্রকাশ করাসহ ০৫(পাঁচ) কপি পত্রিকা এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
২২। চেয়ারম্যান, ................................................................ ইউনিয়ন পরিষদ (সকল), মাগুরা। ( এ বিজ্ঞপ্তিটি তাঁর অফিসে নোটিশ বোর্ডে লটকিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোদ করা হলো।
২৩। নোটিশ বোর্ড।

২৭/১০/২০১৯
জেলা প্রশাসক
মাগুরা।